# বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড

২নং অরফ্যানেজ রোড, বকশিবাজার, ঢাকা-১২১১।

নং- বামাশিবো/সংস্থা/প্রবিধানমালা সংশোধন(কমিটি)/৪৫/১১১ তারিখ ঃ- ১৯/০২/২০১৩ খ্রিঃ

## পরিপত্র

**বিষয় ঃ বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা (গভর্ণিং বডি ও ম্যানেজিং কমিটি) প্রবিধানমালা-২০০৯ (২০১২ খ্রিঃ পর্যন্ত সংশোধিত) সংশোধন প্রসঙ্গে।**

**সূত্র ঃ ৩৭.০০.০০০০.০৭২.০৬.০৩৪.১২/৮৪০, তারিখ ঃ ২০ নভেম্বর ২০১২ খ্রিঃ/০৫ অগ্রহায়ন ১৪১৯ বঙ্গাব্দ**

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সরকারের অনুমোদনক্রমে বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা (গভর্ণিং বডি ও ম্যানেজিং কমিটি) প্রবিধানমালা-২০০৯ (২০১২ খ্রিঃ পর্যন্ত সংশোধিত) নিম্নোক্তভাবে সংশোধন পূর্বক জারি করা হলো।

| ক্রমিক | প্রবিধান ও সংশোধনীর ধরণ | সংশোধনী |
|---|---|---|
| ১. | প্রবিধান-২ ক (আ) তে প্রতিস্থাপন | "তাহার তত্ত্বাবধানকারী অন্য কোন ব্যক্তি" শব্দগুলোর পরিবর্তে "আইনগত অভিভাবক" শব্দগুলো প্রতিস্থাপিত হবে। |
| ২. | প্রবিধান-২ ছ (আ)(১) এ প্রতিস্থাপন | "বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের দাতা" শব্দগুলোর পরিবর্তে "বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের আজীবন দাতা" শব্দগুলো প্রতিস্থাপিত হবে। |
| ৩. | প্রবিধান-২ ড এ প্রতিস্থাপন ও সংযোজন | "প্রদর্শক" শব্দটির পর "ইনস্ট্রকটর" শব্দটি বসবে এবং তৃতীয় লাইন হিসেবে যুক্ত হবে "গ্রন্থাগারিক, সহকারি গ্রন্থাগারিক এবং অফিস ব্যবস্থাপনার জন্য বা খন্ডকালীন শিক্ষাদানের জন্য নিযুক্ত কোন ব্যক্তি শিক্ষক হিসেবে গণ্য হইবেন না"। |
| ৪. | প্রবিধান-২ দ এ নুতন সংযোজন | "সাধারণ শিক্ষক বলতে প্রধান শিক্ষক/সহকারি প্রধান শিক্ষক/ অধ্যক্ষ/উপাধ্যক্ষ ব্যতিত অপরাপর শিক্ষকগণকে বোঝাইবে।" |
| ৫. | প্রবিধান-৩ (২) এ প্রতিস্থাপন | "তবে শর্ত থাকে যে..." অংশের "শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের প্রধান প্রকৌশলী সদস্য হিসাবে অন্তর্ভূক্ত থাকিবেন" শব্দগুলোর পরিবর্তে "শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের প্রধান প্রকৌশলী অথবা তাঁর মনোনীত একজন প্রকৌশলী সদস্য হিসাবে অন্তর্ভূক্ত থাকিবেন, যাহার পদমর্যাদা সহকারি প্রকৌশলীর নিম্নে হইবে না" শব্দগুলো প্রতিস্থাপিত হবে। |
| ৬. | প্রবিধান-৪ (১) খ এর সাথে সংযোজন | "তবে শর্ত থাকে যে, আলিম স্তর পর্যন্ত মাদরাসার ক্ষেত্রে আলিম স্তরের শিক্ষকদের মধ্য হইতে তাহাদের ভোটে একজন, দাখিল স্তরের শিক্ষকদের মধ্য হইতে তাহাদের ভোটে একজন এবং এবতেদায়ী স্তরের শিক্ষকদের মধ্য হইতে তাহাদের ভোটে একজন শিক্ষক সদস্য নির্বাচিত হইবেন। সেই ক্ষেত্রে মোট নির্বাচিত সাধারণ শিক্ষক সদস্য দুই জনের পরিবর্তে তিনজন হইবে।" |
| ৭. | প্রবিধান-৪ (১) গ এর পর প্রতিস্থাপন | "এবতেদায়ী, দাখিল ও আলিম স্তরের মহিলা শিক্ষকগণের মধ্য হইতে পুরুষ মহিলা নির্বিশেষে সকল শিক্ষকের ভোটে একজন মহিলা শিক্ষক নির্বাচিত হইবে" শব্দগুলো প্রতিস্থাপিত হবে। |
| ৮. | প্রবিধান-৪ (১) ঘ এর সাথে সংযোজন | "ইবতেদায়ী স্তরের সকল শিক্ষার্থীদের অভিভাবকগণের মধ্য হইতে" শব্দগুলোর পরিবর্তে "ইবতেদায়ী স্তরের ১ম-৪র্থ শ্রেণীর সকল শিক্ষার্থীদের অভিভাবকগণের মধ্য হইতে ১ম-৫ম শ্রেণীর সকল শিক্ষার্থীদের অভিভাবকগণের ভোটে একজন সাধারণ অভিভাবক সদস্য নির্বাচিত হইবে" শব্দগুলো সংযোজন হবে। |
| ৯. | প্রবিধান-৪ (১) ঙ সংশোধন | "আলিম শ্রেণীর বেসরকারী মাদরাসার ৫ম, ১০ম ও ১২শ শ্রেণী ব্যতিত অন্য শ্রেণীসমূহের শিক্ষার্থীদের মহিলা অভিভাবকগণের মধ্য হইতে পুরুষ মহিলা নির্বিশেষে সকল শ্রেণীর শিক্ষার্থীদের অভিভাবকগণের ভোটে একজন সংরক্ষিত মহিলা অভিভাবক নির্বাচিত হইবে" |
| ১০. | প্রবিধান-৫ (৩) এ প্রতিস্থাপন | "প্রথম শ্রেণীর সরকারি কর্মকর্তা" শব্দগুলোর পরিবর্তে "সরকারি/আধা-সরকারি/স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে কর্মরত বা অবসরপ্রাপ্ত প্রথম/দ্বিতীয় শ্রেণির কর্মকর্তা" শব্দগুলো প্রতিস্থাপিত হবে। |
| ১১. | প্রবিধান-৫ (৫) হিসেবে সংযোজন | "আলিম মাদরাসার গভার্ণিং বডির সভাপতির পদ কোন কারণে শূণ্য হইলে প্রবিধান ৫(১), ৫(২), ৫(৩) ও ৫(৪) এর বিধান অনুসারে শূণ্য হইবার অনধিক সাত দিনের মধ্যে পুনরায় সভাপতি মনোনয়নের লক্ষ্যে বোর্ডের নিকট প্রতিষ্ঠান প্রধান প্রস্তাব পেশ করিবেন।" |

চলমান পাতা/২

| ক্রমিক | প্রবিধান ও সংশোধনীর ধরণ | সংশোধনী |
|---|---|---|
| ১২. | প্রবিধান-৭ খ এর ২য় প্যারায় সংযোজন | "তাছাড়া, দাখিল স্তরে কারিগরি শাখা সংযুক্ত থাকিলে শিক্ষক প্রতিনিধি নির্বাচনের ক্ষেত্রে কারিগরি শাখার শিক্ষকগণ দাখিল স্তরের শিক্ষক হিসাবে বিবেচিত হইবেন।" |
| ১৩. | প্রবিধান-৭ ঘ এর ২য় প্যারায় সংযোজন | "তাছাড়া, দাখিল স্তরে কারিগরি শাখা সংযুক্ত থাকিলে অভিভাবক প্রতিনিধি নির্বাচনের ক্ষেত্রে কারিগরি শাখার শিক্ষার্থীদের অভিভাবকগণ দাখিল স্তরের অভিভাবক হিসাবে গণ্য হইবেন।" |
| ১৪. | প্রবিধান-৭ (ঝ) এ প্রতিস্থাপন | "গভার্ণিং বডির প্রথম সভায়" শব্দগুলোর পরিবর্তে "ম্যানেজিং কমিটি বোর্ড কর্তৃক অনুমোদিত হইবার ত্রিশ দিনের মধ্যে আহুত প্রথম সভায়" শব্দগুলো প্রতিস্থাপিত হবে। |
| ১৫. | প্রবিধান-৮ (১) এ সংযোজন | লাইনের শেষে "এবং উক্ত সভায় নির্বাচিত সদস্যগণের ন্যূনতম দুই তৃতীয়াংশের উপস্থিতি নিশ্চিত করিবেন" কথাগুলো সংযোজিত হবে। |
| ১৬. | প্রবিধান-৮ (২) এ প্রতিস্থাপন | "উপস্থিত সদস্যগণের মধ্য হইতে তাহাদের দ্বারা মনোনীত ... একজন সদস্য সভায় সভাপতিত্ব করিবেন" শব্দগুলোর পরিবর্তে "প্রিজাইডিং অফিসার, যিনি নির্বাচনের দায়িত্বপ্রাপ্ত ছিলেন, সভায় সভাপতিত্ব করিবেন"। |
| ১৭. | প্রবিধান-৮ (৩) এ সংযোজন | "উক্ত সভায় উপস্থিত" শব্দগুলোর পর "নির্বাচিত" শব্দটি সংযোজিত হবে। |
| ১৮. | প্রবিধান-৮ (৪) হিসেবে সংযোজন | "ম্যানেজিং কমিটির সভাপতি নির্বাচনে একাধিক প্রার্থী সমান সংখ্যক ভোট পাইলে লটারির মাধ্যমে সভাপতি নির্বাচন করিতে হইবে।" |
| ১৯. | প্রবিধান-৮ (৫) হিসেবে সংযোজন | "সভাপতির পদ কোন কারণে শূণ্য হইলে, পদ শূণ্য হওয়ার অনধিক সাত দিনের মধ্যে নতুন সভাপতি নির্বাচনের উদ্দেশ্যে সভা আহবান করিতে হইবে। উক্ত সভায় ন্যূনতম দুই তৃতীয়াংশ সদস্যের উপস্থিতিতে প্রবিধান ৮ (২), ৮(৩) অনুসরণ পূর্বক সভাপতি নির্বাচিত হইবেন।" |
| ২০. | প্রবিধান-১৫ (১) এর শেষে সংযোজন | "তবে মহানগর এলাকায় ম্যানেজিং কমিটি গঠনের ক্ষেত্রেও জেলা প্রশাসককে লিখিতভাবে অনুরোধ জানাইতে হইবে।" |
| ২১. | প্রবিধান-৫০ (২) সংশোধন | "উপবিধান (১) এর অধীনে গঠিত গভর্ণিং বডি বা ক্ষেত্রমত, ম্যানেজিং কমিটিতে সভাপতি, সদস্য সচিব হিসাবে প্রতিষ্ঠান প্রধান, দুইজন শিক্ষক সদস্য এবং তিনজন অভিভাবক সদস্য থাকিবেন।" |

যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জারিকৃত এ আদেশ সংশ্লিষ্ট সকলকে অনুসরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।

স্বাক্ষরিত/-
১৯-০২-২০১৩
(প্রফেসর আতাউর রহমান খান)
রেজিস্ট্রার
বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
ফোন ঃ ৮৬২৬১৩৮

নং- বামাশিবো/সংস্থা/প্রবিধানমালা সংশোধন(কমিটি)/৪৫/১১১/০৬ তারিখ ঃ- ১৯/০২/২০১৩ খ্রিঃ

বিতরণ ঃ কার্যার্থে ও জ্ঞাতার্থে-

১. সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. মহা-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
৩. সুপার/অধ্যক্ষ, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড এর আওতাধীন সকল মাদরাসা।
৪. প্রোগ্রামার, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা। (তাঁকে এ আদেশটি ওয়েব সাইটে প্রচার ও প্রকাশের অনুরোধসহ)
৫. পি এ টু চেয়ারম্যান, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
৬. অফিস কপি।

স্বাক্ষরিত/-
১৯-০২-২০১৩
(প্রফেসর আতাউর রহমান খান)
রেজিস্ট্রার
বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
ফোন ঃ ৮৬২৬১৩৮